ব্রিটিশ সংবাদমাধ্যমটি বলছে, শিনজিয়াং প্রদেশের শিবিরগুলোতে লাখ লাখ মুসলমানের ভাগ্য কীভাবে নির্ধারিত হচ্ছে সে বিষয়ে এখন পর্যন্ত তাদের দেখা নথিটিকে সবচেয়ে বড় প্রমাণ হিসেবেই বিবেচনা করা হচ্ছে।

যদিও নথিতে চীনের দূর পশ্চিমাঞ্চল শিনজিয়াংয়ের তিন হাজারেরও বেশি বাসিন্দার ব্যক্তিগত ও তাদের দৈনন্দিন জীবনাচরণের বিস্তৃত তথ্য রয়েছে।

আর ১৩৭ পৃষ্ঠার এই নথিতে থাকা সারি ও কলামে নিবন্ধিত ব্যক্তিদের প্রার্থনার সময়, ধরন, কীভাবে তারা পোশাক পরেন, কাদের সঙ্গে যোগাযোগ করেন এবং তাদের পরিবারের সদস্যদের আচরণ কেমন সেসব বিষয়ও লিপিবদ্ধ আছে।

তবে কোনো সরকারি সিল বা চিহ্ন না থাকলেও নতুন এ নথিকে 'আসল' বলেই মনে করছেন শিনজিয়াংয়ে চীনা নীতি বিষয়ক বিশেষজ্ঞ ও ওয়াশিংটনভিত্তিক ভিক্টিমস অব কমিউনিজম মেমোরিয়াল ফাউন্ডেশনের জ্যেষ্ঠ ফেলো ড. আদ্রিয়ান জেনজ।

আর তিনি বলছেন, ধর্মীয় বিশ্বাসের চর্চার কারণেই বেইজিং যে নির্যাতন করছে ও শাস্তি দিচ্ছে তার অসাধারণ এই নথিই সবচেয়ে শক্তিশালী প্রমাণ হিসেবে হাজির হয়েছে।

এদিকে পশ্চিমা বিভিন্ন মানবাধিকার সংস্থা এবং দেশ দীর্ঘদিন ধরেই চীনা নাগরিক উইঘুর মুসলমানদের ওপর চীন সরকারের নির্যাতন ও নিপীড়ন নিয়ে অভিযোগ করে আসছে।

ওদিকে চীন উইঘুর মুসলিমদের ওপর নির্যাতনের ঘটনায় দীর্ঘদিন ধরে সমালোচনার মুখে পড়েছে।

বিবিসি'র প্রতিবেদন আরো বলছে, ফাঁস হওয়া নথির যেসব তথ্য তারা বের করতে পেরেছে তার মধ্যে যেসব অংশে ব্যক্তিগত গোপনীয়তা লংঘনের সম্ভাবনা রয়েছে, প্রকাশের পূর্বে সেসব আড়াল করে দেয়া হয়েছে।

আর ওই নথিতে দক্ষিণ শিনজিয়াংয়ের হুতার শহরের নিকটবর্তী কারাকাক্স এলাকার ৩১১ জনের অতীত তথ্য, তাদের ধর্ম চর্চা এবং আত্মীয়, প্রতিবেশী ও বন্ধুদের সঙ্গে সম্পর্কের বিস্তারিত তথ্য আছে।

কিন্তু অন্তরীণ শিবিরে থাকাদের এখানে রাখা হবে নাকি ছেড়ে দেয়া হবে এবং শিবির থেকে ছাড়া পাওয়াদের ফের নিয়ে আসা হবে কিনা, সে বিষয়ক সিদ্ধান্ত নথিটির একেবারে শেষ কলামে লেখা আছে যাকে 'রায়' বলছে বিবিসি।

আর এসব কেন্দ্রকে চীন যে 'শিক্ষা প্রতিষ্ঠান' হিসেবে দেখানোর চেষ্টা করছে, নতুন এ নথির তথ্য তার সঙ্গে পুরোপুরি সাংঘর্ষিক বলেও জানিয়েছে বিবিসি।

তবে নথির ৫৯৮ নম্বর সারিতে ৩৮ বছর বয়সী এক নারীর বিস্তারিত তথ্য আছে, যেখানে কয়েক বছর আগে মুখমণ্ডল কাপড়ে ঢেকে চলাফেরার কারণে হেলসেম নামের ওই নারীকে চীনের এই তথাকথিত 'পুনঃশিক্ষণ শিবিরে' পাঠানো হয়েছিল।

বাস্তবিক অর্থে তেমন ঝুকিঁ নেই এমনটা লেখা থাকা সত্ত্বেও ৩৪ বছর বয়সী মেমেত্তোতিকে অন্তরীণ করা হয়েছে কেবল পাসপোর্টের আবেদন করার কারণে। বেইজিং কর্তৃপক্ষ যে এখন শিনজিয়াং থেকে বিদেশ যাত্রার আকাঙ্ক্ষাকেও 'উগ্রবাদের লক্ষণ' হিসেবে দেখছে। আর মেমেত্তোতিকে আটক তার নজির বলছে বিবিসি।

তবে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, কাউকে কাউকে শিবিরগুলোতে নেওয়া হয়েছে 'ঘন দাড়ি' রাখায় কিংবা ধর্মীয় পাঠচক্র আয়োজনের কারণে । আর ২৩৯ নম্বর সারিতে থাকা নুরমেমেতকে পুনঃশিক্ষণ কেন্দ্রে নিয়ে আসা হয় 'ওয়েবলিংকে ক্লিক করে নিজের অজান্তে বিদেশি একটি ওয়েবসাইটে চলে যাওয়ায়'। আর ২৮ বছর বয়সী এ যুবকের আচরণে অন্য কোনো সমস্যা নেই বলেও তাকে নিয়ে থাকা সারি ও কলামগুলোতে লেখা রয়েছে।

এদিকে, ১৭৯, ৩১৫ ও ৩৪৫ এ বিপুল পরিমাণ ব্যক্তিগত তথ্য রয়েছে ৬৫ বছর বয়সী ইউসুফের। তার রেকর্ডে লেখা রয়েছে- ২০১৪ ও ২০১৫ সালে দুই মেয়ের নেকাব ও বোরকা পরা, ছেলের ইসলামী রাজনীতির প্রতি ঝোঁক এবং পরিবারের সদস্যদের হানবিরোধী মনোভাবের কথা। রায়ের ঘরে লেখা রয়েছে- প্রশিক্ষণ অব্যাহত রাখা।

বিশেষজ্ঞ ও মানবাধিকার সংগঠনগুলোর দীর্ঘদিনের অভিযোগ, জিনজিয়াংয়ের ওই শিবিরগুলোতে ২০ লাখের বেশি উইঘুরকে আটক রাখা হয়েছে যার মধ্যে বেশীরভাগই মুসলিম।

২০০১ সালে নৃশংস এক বিমান হামলার মধ্য দিয়ে আমেরিকা আফগানিস্তানে আগ্রাসন শুরু করে। যুদ্ধটি তাদের জন্য কেবল ব্যয়বহুলই ছিল না, বরং যুদ্ধের ১৮ বছর পর আজ আফগানের আকাশ-বাতাসও আমেরিকানদের বিরুদ্ধে দাঁড়িয়েছে।

যদি আমেরিকা আফগান যুদ্ধ দীর্ঘায়িত করে তাহলে তাদের দুর্দশা এবং হতাশাও অব্যাহত থাকবে। আর, কেবল সামরিকভাবেই নয়, রাজনৈতিকভাবেও যুদ্ধটি অসমাপ্ত হয়ে থাকবে।

আজ আমেরিকা বিপর্যয়ের মুখোমুখি। আমেরিকার একগুঁয়ে স্বভাবই তাদেরকে এই সর্বনাশা পরিস্থিতির দিকে নিয়ে গেছে। একের পর এক আমেরিকান জেনারেল আফগানে এসেছে এবং ব্যর্থ হয়ে ফিরে গেছে, হোয়াইট হাউসে প্রেসিডেন্টের চেয়ারও বহুবার পরিবর্তন হয়েছে, পুরো বিশ্ব আগের দুটি আমেরিকান প্রশাসনের ব্যর্থতা দেখেছে — এরপরও যদি ট্রাম্প প্রশাসন সম্পূর্ণ সেনা প্রত্যাহারের সিদ্ধান্ত নিতে ব্যর্থ হয়, তাহলে দখলদার বাহিনীর জন্য আরও খারাপ পরিস্থিতি অপেক্ষা করছে।
বর্তমানে যুদ্ধক্ষেত্রে আমেরিকান বিমানবাহিনীর বিরুদ্ধে ইসলামী ইমারতের মুজাহিদগণের বিজয় এটিই প্রমাণ করে যে, সময়ের পরিবর্তনে দখলদারদের আরও বেশি ক্ষয়ক্ষতি হবে এবং ভবিষ্যতে তারা আর কখনো তাদের বৈমানিক শক্তি (বৈমানিক শক্তিই ঐ কাপুরুষদের মূল শক্তি বলে বিবেচিত হয়) প্রদর্শন করতে সক্ষম হবে না, যেমনটি তারা গত দুই দশক ধরে প্রদর্শন করে আসছিল।
আমেরিকার নিকৃষ্ট বিমান হামলাগুলো মূলত সাধারণ লোকদের মারাত্মকভাবে টার্গেট করছে, আর যুদ্ধক্ষেত্রে মুজাহিদদের খুব সামান্যই ক্ষয়ক্ষতি করতে পারছে। এর প্রমাণ হল আমেরিকানরা তাদের বিমান ও স্থল অভিযানের মাধ্যমে হাজার-হাজার বোমা ফেলে যুদ্ধাপরাধ করেও দীর্ঘ ১৮ বছরে কিছুই অর্জন করতে পারেনি। আমেরিকানদের জেনে রাখা উচিত যে, ইসলামী ইমারতের লক্ষ্য হলো আফগানিস্তানকে আগ্রাসী জালিমদের থেকে মুক্ত করার জন্য তার সমস্ত সামরিক শক্তি ও রাজনৈতিক শক্তি ব্যবহার করা।

আর, আফগানিস্তানে আমেরিকার চরম বিপর্যয় রোধের একমাত্র উপায় হলো আমাদের দেশ থেকে আমেরিকান সেনা প্রত্যাহার করা। আমাদের বর্তমান সংগ্রাম হলো আফগানের স্বাধীনতা ও মালিকানার জন্য। আর, আফগানিস্তানের একমাত্র প্রকৃত মালিক হলেন আফগান মুসলিমরা, যারা পরাধীনতা ও নিপীড়ন থেকে নিজেদের মুক্ত করতে হানাদারবাহিনী ও তাদের সহযোগী দালাল শাসকদের বিরুদ্ধে লড়াই করছেন।
আমেরিকার আফগানে আগ্রাসন একটি হাস্যকর ও দুঃখজনক বিষয় যা প্রত্যেকেই স্বীকার করেছে। আফগানিস্তানে আমেরিকার যুদ্ধ মিথ্যা, অযৌক্তিক এবং বিকৃত উপস্থাপনার ভিত্তিতে

আমেরিকা তার জোটকে যুদ্ধ করতে প্ররোচিত করেছে। আমেরিকার আফগানে আগ্রাসন ছিল একটি মারাত্মক ভুল। এ পর্যন্ত আমেরিকার হাজার হাজার সেনার মৃত্যু, আরো কয়েক হাজার সেনা মারাত্মক আহত এবং এক ট্রিলিয়ন ডলার নষ্ট হয়েছে। আমেরিকাকে ভুল থেকে শিখতে হবে এবং আফগানিস্তান থেকে ফিরে যেতে হবে। অন্যথায় তাদের বিমানগুলো ভূপাতিত করা হবে, তাদের সৈন্যদের হত্যা করা হবে; এমনকি আফগানের আকাশ এবং জমিনও তাদের প্রতি দয়া প্রদর্শন করবে না।

---

*আর্টিকেলটি ইসলামী ইমারত আফগানিস্তানের অফিসিয়াল ইংরেজী সাইটে গত ২৮শে জানুয়ারীতে প্রকাশিত হয়। সেখান থেকে এটি অনুবাদ করেছেন ভাই **ইউসুফ আল-হাসান।***

সংশোধিত নাগরিকত্ব আইন (CAA) অসম চুক্তির বিরোধী এই অভিযোগে অসমে সিএএ বিরোধী বিক্ষোভ চলছে। এবার ওই রাজ্যে বিক্ষোভরত প্রতিবাদকারীদের শান্ত করার জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পরিচালিত একটি কমিটি ১৯৫১-কে কাট অফ বছর হিসাবে নির্ধারণ করার পরামর্শ দিয়েছে। অসমের আদিবাসীদের নাগরিকত্ব দেওয়ার জন্য এবং বহিরাগতদের রুখতে অসমে (Assam) ঢোকা রুখতে অভ্যন্তরীণ লাইন পারমিট (আইএলপি) প্রবর্তন করে ওই কাট-অফ বছরের প্রস্তাব দেওয়া হয়েছে। হাই-প্রোফাইল ওই কমিটির রিপোর্টে অসম চুক্তির (Assam Accord) ৬ নং দফা বাস্তবায়নের জন্য একটি রোড ম্যাপ দেওয়া হয়েছে, যাতে "অসম রাজ্যের জনগণের সাংস্কৃতিক, সামাজিক, ভাষাগত পরিচয় এবং ঐতিহ্য রক্ষা, সংরক্ষণ এবং প্রচার" সংক্রান্ত একটি বিধান রয়েছে।

অসম চুক্তির ৬ নম্বর ধারা অনুযায়ী অসমের মানুষের সাংস্কৃতিক, সামাজিক, ভাষাগত পরিচয় এবং ঐতিহ্য সুনিশ্চিত করার জন্য সাংবিধানিক, আইনগত এবং প্রশাসনিক নিরাপত্তা দিতে হবে। সেই ভিত্তিতেই সিএএ-র বিরুদ্ধে জনরোষ অসমে। সে রাজ্যের মানুষের অভিযোগ সিএএ লাগু হলে বাংলাদেশি হিন্দুতে ভরে যাবে অসম। আর সেই কারণেই তাঁরা এই আইনের বিরোধিতা করছেন। কেননা অসম চুক্তির ৬-নম্বর ধারা অনুযায়ী অসমে নাগরিকত্ব পাওয়ার কাট-অফ তারিখ হচ্ছে ২১ মার্চ ১৯৭১, আর নাগরিকত্ব আইন অনুযায়ী কাট অফ তারিখ হল ৩১ ডিসেম্বর ২০১৪। অর্থাৎ এই সময়ের আগে বাংলাদেশ, পাকিস্তান এবং আফগানিস্তান থেকে ধর্মীয় কারণে অত্যাচারিত হয়ে যে সমস্ত অমুসলিম শরণার্থীরা ভারতে এসেছেন, তাঁদের

প্রত্যেককেই নাগরিকত্ব দেওয়া হবে। আর এখানেই আপত্তি জানায় অসমবাসী। তাঁদের যুক্তি, সিএএ লাগু হলে বাংলাদেশি হিন্দুতে ভরে যাবে তাঁদের রাজ্য।

অসমের এই জনরোষ রুখতেই এবার কাট অফ বছর পরিবর্তন করে ১৯৭১ সালের বদলে ১৯৫১ করার প্রস্তাব দেওয়া হয়েছে। "রিপোর্টটি চূড়ান্ত করা হয়েছে। এটি এই সপ্তাহেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জমা দেওয়া হবে", জানান এক সরকারি আধিকারিক। ওই কমিটির সদস্যরা সর্বসম্মতিক্রমে এই সুপারিশ করেছেন যে ১৯৫১ সাল থেকে যারা অসমে বসবাস করছেন তাঁদের পরবর্তী প্রজন্মকে, গোষ্ঠী, বর্ণ, ভাষা, ধর্ম ও ঐতিহ্য নির্বিশেষে অসমের আদিবাসী হিসাবে বিবেচনা করা উচিত। বহিরাগতদের অনিয়ন্ত্রিত প্রবেশ ঠেকাতে অসমে আইএলপি বা ইনার লাইন পারমিট ব্যবস্থা চালু করার পরামর্শও দেওয়া হয়েছে।

ইনার লাইন পারমিট বা আইএলপি হল এমন একটি বন্দোবস্ত যার সুবাদে এবং যার আওতায় ভারতীয় নাগরিকরা একটি রাজ্যে বসবাস করতে পারেন। বর্তমানে এই বন্দোবস্ত চালু রয়েছে উত্তর পূর্বাঞ্চলের তিনটি রাজ্য অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড ও মিজোরামে। ওই রাজ্যের মানুষ না হলে বিনা অনুমতিতে অন্য কোনও ভারতীয় নাগরিক এই রাজ্যগুলিতে যেতে পারেন না, এবং আইএলপি-তে উল্লিখিত সময়সীমা পার হয়ে যাবার পর সেখানে থাকতে পারেন না। আর যদি আইএলপি ভুক্ত এলাকা ছাড়া অন্য জায়গার জন্যে সিএএ লাগু হয়, তাহলে সিএএ-র আওতায় শরণার্থীরা ভারতীয় নাগরিকত্ব পেলেও ওই তিন রাজ্যে বসবাস করতে পারবেন না। অসমেও তাই আইএলপি নিয়ে জোরদার সওয়াল করা হয়।

জমির খাজনার কাগজ, ব্যাঙ্ক স্টেটমেন্ট কিংবা প্যান নম্বরকে নাগরিকত্বের প্রমাণ হতে পারে না। এনআরসি নিয়ে হওয়া এক মামলায় এমনই মন্তব্য করল গুয়াহাটি হাইকোর্ট।

উল্লেখ্য, জমির দলিলকে নাগরিকত্বের প্রমাণ হিসেবে গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে। কিন্তু অসমে এনআরসির লিস্ট থেকে বাদ পড়া মানুষজন এখনও সেইসব কাগজ জোগাড় করতেই ব্যাস্ত।

গত বছর অসমে এনআরসির চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়েছেন ১৯ লাখ মানুষ। এর মধ্যে প্রায় ১২ লাখ হিন্দু। সিএএর সাহায্যে নিয়ে ওই ১২ লাখ মানুষ রেহাই পেয়ে যাবে। কিন্তু সমস্যা তালিকায় নাম না থাকা মুসলিমদের নিয়ে। এমনই এক মহিলা গুয়াহাটি হাইকোর্টে গিয়েছিলেন নিজের নাগরিকত্ব প্রমাণ করতে।

রাজ্যে ফরেনার্স ট্রাইবুন্যালের রায়কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যান জাবেদা বেগম ওরফে জাবেদা খাতুন নামে এক মহিলা। আদালতে তিনি যেসব নথি জমা করেন তার মধ্যে ছিল গ্রামের পঞ্চায়েত প্রধানের দেওয়া তাঁর বাবা ও স্বামীর পরিচিতি সংক্রান্ত পত্র। হাইকোর্টে বিচারপতি মনোজিত্ ভুঁইয়া ও বিচারপতি পি সইকিয়া ২০১৬ সালের এক আদেশ উল্লেখ করে বলেন, প্যান বা ব্যাঙ্কের নথি নাগরিকত্বের প্রমাণ হতে পারে না। পাশাপাশি, জমির খাজনার রিসিপ্টও নাগরিকত্বের প্রমাণ হতে পারে না।

১৮ই ফেব্রুয়ারী, ২০২০

খেলাপি ঋণের বিপরীতে প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ (নিরাপত্তা সঞ্চিতি) করতে ব্যার্থ ১২ টি ব্যাংক। ২ শতাংশে পুন:তফসিল সুবধায় খেলাপি ঋণের পরিমাণ কমানোর পরেও প্রভিশন ঘাটতিতে ব্যাংকগুলো। তথ্যমতে, মন্দ ঋণ বাড়ায় এক বছরের ব্যবধানে প্রভিশন ঘাটতি আবারও বেড়েছে।

অর্থসূচক অনলাইন নিউজ পোর্টালের বরাতে জানা যায়, ২০১৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকগুলোতে ঋণের ঝুঁকি বিবেচনায় প্রভিশন সংরক্ষণের প্রয়োজন ছিল ৬১ হাজার ৩১৭ কোটি টাকা। কিন্তু এর বিপরীতে প্রভিশন রেখেছে ৫৪ হাজার ৬৬২ কোটি টাকা। এতে ঘাটতি দেখা দিয়েছে ৬ হাজার ৬৫৫ কোটি টাকা।

সেপ্টেম্বর প্রান্তিকের তুলনায় ১ হাজার ৪৭৪ কোটি টাকা প্রভিশন ঘাটতি কমেছে ডিসেম্বরে। তবে বছরের ব্যবধানে ঘাটতি বেড়েছে ৪০ কোটি টাকা। সেপ্টেম্বর ১৯ প্রান্তিকে প্রভিশন ঘাটতির পরিমাণ ছিল ৮ হাজার ১২৯ কোটি টাকা এবং ২০১৮ সালের ডিসেম্বর শেষে ছিল ৬ হাজার এক ৬১৫ কোটি টাকা।

বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, ব্যাংকগুলোতে জনগণের আমানত সুরক্ষা দেওয়ার জন্য খেলাপি ঋণের বিপরীতে প্রভিশন রাখার নিয়ম রয়েছে। প্রভিশন রাখার অর্থ হচ্ছে, যে অর্থ খেলাপিদের পকেটে চলে গেল-তার সমপরিমাণ অর্থ ব্যাংক আলাদা হিসেবে রেখেছে। যেসব ব্যাংকে খেলাপি ঋণ বেশি, তারা ওই নিয়ম মানতে ব্যর্থ হচ্ছে। গত বছরের ডিসেম্বর পর্যন্ত হিসাবে

১০ হাজার ৫০১ কোটি টাকা খেলাপি ঋণের বিপরীতে প্রভিশন রাখতে ব্যর্থ হয়েছে ১২টি ব্যাংক।

এর মধ্যে বেসিক ব্যাংকের প্রভিশন ঘাটতি সবচেয়ে বেশি, ৩ হাজার ৩৩৪ কোটি টাকা। এ ছাড়া সোনালী ব্যাংকের ২ হাজার ১৫৬ কোটি, অগ্রণী ব্যাংকের ১ হাজার ৪৪৩ কোটি, রূপালী ব্যাংকের ৮৭৮ কোটি, এবি ব্যাংকের ৬৭৩ কোটি, বাংলাদেশ কমার্স ব্যাংকের ৫৩৮ কোটি, ন্যাশনাল ব্যাংকের ৪৮৭ কোটি, ঢাকা ব্যাংকের ৪২৫ কোটি, মিউচ্যুয়াল ট্রাস্টের ২৭৫ কোটি, সোস্যাল ইসলামী ব্যাংকের ২৯৬ কোটি, স্ট্যান্ডার্ড ব্যাংকের ১৬২ কোটি ও ট্রাস্ট ব্যাংকের প্রভিশন ঘাটতি ১৬৪ কোটি টাকা।

খাতা-কলমে লাভ দেখাতে খেলাপি ঋণ সবচেয়ে বেশি পুনঃতফসিল করেছে সরকারি খাতের ব্যাংকগুলো। এর পরও খেলাপি ঋণের শীর্ষে রয়েছে এ খাতের ব্যাংকগুলোই। খেলাপি ঋণের শীর্ষস্থান ধরে রেখেছে অ্যাননটেক্স ও ক্রিসেন্ট গ্রুপ জালিয়াতির অকুস্থল জনতা ব্যাংক। গত ডিসেম্বরে খেলাপি ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৪ হাজার ৪৫৩ কোটি টাকা। আগের বছরে যা ছিল ১৭ হাজার ২২৫ কোটি টাকা। তবে সেপ্টেম্বরে ব্যাংকটির খেলাপি ঋণ ছিল ২১ হাজার কোটি টাকা।

ভারতের উত্তর প্রদেশের অযোধ্যায় যেখানে রাম মন্দির নির্মাণের প্রস্তুতি চলছে তার একাংশে কবরস্থান থাকায় সেখানে মন্দির নির্মাণ না করার আবেদন জানিয়েছেন মুসলমানরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্প্রতি সংসদে মন্দির নির্মাণের জন্য রামজন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের ঘোষণা করেছে। সেই ট্রাস্টের উদ্দেশ্যে মুসলিমরা চিঠি দিয়ে আপত্তি জানিয়েছেন। (খবর পার্সটুটের)

অযোধ্যার স্থানীয় ৯টি সংখ্যালঘু মুসলিম পরিবারের দাবি, ১৮৫৫ সালে বাবরি মসজিদ এলাকায় ছিল মুসলিমদের কবরস্থান। সেজন্য কবরস্থানের ওপরে কী রাম মন্দির গড়ে তোলা উচিত? এই প্রশ্নই করা হয়েছে ওই চিঠিতে। এছাড়া ওই এলাকায় ৪/৫ একর জমি ছিল মুসলিম কবরস্থান। আর সেখানে যাতে রাম মন্দির না তৈরি হয়, সেজন্য আবেদন করা হয়েছে চিঠিতে।

অযোধ্যার বাসিন্দা হাজী মুহাম্মদসহ নয়জন অযোধ্যায় রাম মন্দির নির্মাণের জন্য গঠিত কমিটিতে চিঠি দিয়ে বলেছেন, ৬৭ একর জমি কেন্দ্রীয় সরকার অযোধ্যা আইনের অধীনে নিয়েছিল এবং এবার তা ট্রাস্টকে দেওয়া হয়েছে। এরমধ্যে ৪/৫ একর জমিতে কবরস্থানও রয়েছে। ট্রাস্ট সদস্যদের কাছে তাঁদের অনুরোধ, এটা আপনারা বিবেচনা করুন যে কবরস্থানে

কী মন্দির নির্মাণ করা যায়? সেখানে বর্তমানে কবরস্থান দৃশ্যমান না হলেও এটি একটি কবরস্থান। ১৯৪৯ থেকে ১৯৯২ সাল পর্যন্ত জায়গাটি অন্যভাবে ব্যবহৃত হচ্ছিল।

স্থানীয়দের পক্ষে আইনজীবী এম আর শামশাদের দাবি, ১৮৫৫ সালের দাঙ্গায় ওই এলাকায় ৭৫ জন মুসলিমকে হত্যা হয়। আর ওই ৪/৫ একর জমিতে সেই মুসলিমদের দাফন সম্পন্ন হয়েছিল। বাবরি মসজিদের চারপাশে যে কবরস্থান রয়েছে, তার সপক্ষে একাধিক যুক্তি দিয়েছেন আইনজীবী এম আর শামশাদ।

১৯৯২ সালের ৬ ডিসেম্বর ভারতের উত্তর প্রদেশের অযোধ্যার ঐতিহাসিক বাবরি মসজিদ গুঁড়িয়ে দিয়েছিল 'করসেবক' নামধারী হিন্দুত্ববাদী একদল সন্ত্রাসী জনতা। তাদের দাবি, এটি আসলে ভগবান রামের জন্মস্থান। এ নিয়ে দীর্ঘকাল ধরে মামলা চলার পরে কিছুদিন আগে সুপ্রিম কোর্ট ওই স্থানে রাম মন্দির নির্মাণের পক্ষে রায় দেয়। এজন্য সরকারকে ট্রাস্ট গঠনের নির্দেশ দেয় আদালত।

সবাইকে কচুরিপানা খাওয়ার পরামর্শ দিয়ে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বলেছেন, গরু কচুরিপানা খেতে পারলে আমরা কেন পারবো না?

সোমবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে এনইসি-২ সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে কৃষি গবেষণায় অবদান রাখায় দুজনের হাতে পুরস্কার তুলে দিয়ে এ কথা বলেন তিনি।

কচুরিপানা নিয়ে আরও কিছু করার যায় কি-না জানতে চেয়ে পরিকল্পনা মন্ত্রী বলেন, 'কচুরিপানার পাতা খাওয়া যায় না কোনো মতে? গরু তো খায়। গরু খেতে পারলে আমরা খেতে পারব না কেন?' । সেই সঙ্গে কাঁঠালের আকার ছোট এবং গোল করা যায় কিনা সেটি নিয়েও গবেষণা করতে হবে।

পরিকল্পনামন্ত্রীর এমন বক্তব্যে আলোচনা-সমালোচনার শুরু হয়। এরই প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুল ফেসবুকে লিখেন-

'গরু, মানুষ, কচুরীপানা,

গরু তো উদোম থাকে, আপনি কি তেমন থাকেন?
থাকেন না!
গরু মাঠেঘাটে পেশাব পায়খানা করে, আপনি করেন?

করেন না!

গরু ঘাস খায়, আপনি কি তা খান?

না!

গরু গোবরত্যাগ করে, আপনি করেন?

না!

সবগুলোর উত্তর হবে না।

কারণ আপনি গরু না।

গরু কচুরীপানা খেলে তাই আপনাকে তা খেতে হবে না।

তারপরও যদি কারো মনে হয় মানুষেরও কচুরীপানা খাওয়া উচিত, তাহলে তার টিভিতে লাইভে আসা উচিত। গপগপ করে নিজে কিছু কচুরীপানা খেয়ে দেখানো উচিত।'

আল-ফাতাহ অপারেশণের ধারাবাকিতায় গত ১৭ ফেব্রুয়ারি আফগানিস্তানের কুন্দুজ প্রদেশে ক্রুসেডারদের গোলাম আফগান মুরতাদ বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে সফল অভিযান পরিচালানা করেছেন ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদ।

এসময় মুজাহিদদের তীব্র হামলায় মুরতাদ বাহিনীর ৪টি ট্যাঙ্ক ধ্বংস এবং ২০ এরও অধিক সৈন্য নিহত হয়। বাকি বেঁচে যাওয়া ও আহত হওয়া মুরতাদ সৈন্যরা ঘাঁটি ছেড়ে পলায়ন করলে মুজাহিদগণ ঘাঁটিটির উপর নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন। ঘাঁটিটি বিজয়ের পর মুজাহিদগণ বিপুল পরিমাণ যুদ্ধাস্ত্র গনিমত লাভ করেন।

অন্যদিকে কান্দাহর প্রদেশের শিউলিকোট জেলায় একটি সফল অভিযান পরিচালনা করেন তালেবান মুুজাহিদিন। যার ফলে মুরতাদ বাহিনীর ৫ সৈন্য নিহত হয়।

প্রদেশটির অন্য একটি এলাকায় তালেবান মুজাহিদদের হামলায় নিহত হয় আরো ৩ এরও অধিক মুরতাদ সৈন্য।

এদিকে জাবুল প্রদেশের "শিলকী" এলাকায় তালেবান মুজাহিদদের একটি সফল হামলায় ৪ মুরতাদ সৈন্য নিহত এবং আরো কতক মুরতাদ সৈন্য গুরুতর আহত হয়।

অন্যদিকে ফারয়াব প্রদেশের "দৌলতা-বাদ" জেলায় আফগান মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে সফল হামলা চালিয়ে তা ধ্বংস করে দেন তালেবান মুজাহিদিন। এতে ১ কমান্ডারসহ ৩ মুরতাদ সৈন্য নিহত হয়।

একইভাবে হেলমান্দের নাওয়াহ জেলায় তালেবান মুজাহিদদের হামলায় নিহত হয় আরো ৩ মুরতাদ সৈন্য।
একই প্রদেশের "নাদআলী" জেলায় তালেবান মুজাহিদদের হামলায় নিহত হয় ৪ মুরতাদ সৈন্য।

এমনিভাবে হেরাতা, রোজগান, জাওজান ও লাগমানে তালেবান মুজাহিদদের পৃথক আরো ৪টি হামলায় নিহত হয় ১৮ এরও অধিক মুরতাদ সৈন্য।

আলহামদুলিল্লাহ, প্রতিটি অভিযানেই মুরতাদ বাহিনী হতে বিপুল পরিমাণ যুদ্ধাস্ত্র গনিমত লাভ করেন তালবান মুজাহিদিন।

গত ১৬ ফেব্রুয়ারি পাকিস্তানী মুরতাদ গোয়েন্দা সংস্থার সদস্যরা বাজুর এজেন্সীর "হাজী লং" জেলার একটি বাড়িতে হানা দেয়। যেখানে মুহাম্মাদ নাজিব নামক তেহরিকে তালেবানের একজন মুজাহিদ অবস্থান করছিলেন।

তেহরিকে তালেবান এর সম্মানিত মুখপাত্র মুহাম্মাদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানান যে, এই ভীর মুজাহিদ বন্দীত্বের জীবনকে বরণের চেয়ে লড়াই করে শহিদ হওয়াকেই প্রাধান্য দেন এবং আল্লাহ তায়ালার অনুগ্রহে শহীদ হওয়ার আগ মহূর্ত পর্যন্ত পাকিস্তানী মুরতাদ গোয়েন্দা সদস্যদের বিরুদ্ধে তীব্র লড়াই চালিয়ে যান। অবশেষে মহান রবের ডাকে সাড়া দিয়ে শাহাদাতের মর্যাদা লাভে ধন্য হন (ইনশাআল্লাহ)। তবে শহিদ হওয়ার পূর্বে তিনি দুই গোয়েন্দা কর্মকর্তাকে হত্যা ও অপর এক গোয়েন্দা সদস্যকে গুরুতর আহত করতে সক্ষম হন।

আল্লাহ তায়ালা তাকে শহীদ হিসেবে কবুল করুন। আমীন।

আল-ফাতাহ অপারেশণের ধারাবাহিকতায় আজ ১৮ ফেব্রুয়ারি আফগানিস্তানের কাপিসা প্রদেশের "নাজরাব" জেলায় আফগান মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে সফল অভিযান

চালিয়ে তা বিজয় করে নেন ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদিন।

এসময় মুজাহিদদের তীব্র হামলায় মুরতাদ বাহিনীর ১১ সৈন্য নিহত হয়। এছাড়াও মুজাহিদগণ মুরতাদ বাহিনী হতে ৯টি ভারী যুদ্ধাস্ত্র সহ অনেক সামরিক সরঞ্জামাদি গনিমত লাভ করেন।

অন্যদিকে নানগাহার প্রদেশে তালেবান মুজাহিদদের হামলায় ১ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৪ মুরতাদ সৈন্য আহত হয়।

এদিকে গজনিতেও মুরতাদ বাহিনীর টহলরত একটি দলের উপর সফল অভিযান পরিচালনা করেন তালেবান মুজাহিদিন। যাতে ৭ মুরতাদ সৈন্য নিহত হয়।

একই প্রদেশের "উরান্দ" এলাকায় তালেবান মুজাহিদদের হামলায় নিহত হয় আরো ৪ মুরতাদ সৈন্য।

আল-কায়েদা পূর্ব আফ্রিকান শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ১৭ ফেব্রুয়ারি সোমালিয়া জুড়ে ৬টিরও অধিক সফল অভিযান পরিচালনা করেছেন।

এর মধ্যে রাজধানী মোগাদিশুর "জালকায়ূ" শহরে মুজাহিদদের একটি টার্গেটকৃত হামলার শিকার হয়ে মারা যায় "জারসূর" শহরের উপপরিচালক "আব্দুর রহমান নূর জারী"।

এমনিভাবে মোগাদিশুর হিডেন শহরে হারাকাতুশ শাবাব মুজাহিদদের বোমা হামলায় ২ মুরতাদ সদস্য গুরুতর আহত হয়, যাদের একজন মুরতাদ বাহিনীর উচ্চপদস্থ কমান্ডারও।

রাজধানীর "বারআবাহ্" এলাকায় মুজাহিদদের অন্য একটি হামলায় নিহত হয় সোমালিয় মুরতাদ বাহিনীর আরো ১ সৈন্য।

পাকিস্তান ভিত্তিক অন্যতম জিহাদী জামা'আত "তেহরিকে তালেবান পাকিস্তান" (TTP) এর জানবায মুজাহিদিন গত ৩ ফেব্রুয়ারি বেলুচিস্তানের "কিলাহ-আব্দুল্লাহ" এরিয়ার "তোবা আশকাজাই" নামক স্থানে পাকিস্তানী মুরতাদ বাহিনীর একটি দলকে দু'দিক থেকে অবরুদ্ধ করে তীব্র হামলা চালান।

যাতে অনেক মুরতাদ সৈন্য হতাহত হয়, হতাহত মুরতাদ সৈন্যদের সংখ্যা এতটাই বেড়ে গিয়েছিল যে, সেখানে বেঁচে থাকা বাকি সৈন্যরা পাগলের মত আচরণ করতে শুরু করে এবং এদিক সেদিক গোলাবর্ষণ শুরু করে।

আলহামদুলিল্লাহ, এসময় মুরতাদ বাহিনীর হামলায় কোন মুজাহিদই হতাহত হননি বলে নিশ্চিত করেছেন তেহরিকে তালেবানের মুখপাত্র মুহাম্মাদ খোরাসানী হাফিজাহুল্লাহ্। তিনি এও যোগ করেছেন যে, সকল মুজাহিদই নিরাপদে নিজেদের ঘাঁটিতে ফিরে এসেছেন।

দেশের ব্যাংকগুলো ঋণ খেলাপিদের কাছ থেকে পাওনা টাকা আদায় করতে পারছে না। কিন্তু কাগজে-কলমে এবার খেলাপি ঋণের পরিমাণ কম দেখানো হলো। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন বলছে, তিন মাসের ব্যবধানে ২২ হাজার কোটি টাকা খেলাপি ঋণ কমিয়ে ফেলেছে ব্যাংকগুলো। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, গত সেপ্টেম্বরে খেলাপি ঋণ ছিল এক লাখ ১৬ হাজর ২৮৮ কোটি টাকা। আর ডিসেম্বরে এর পরিমাণ দাঁড়িয়েছে ৯৪ হাজার ৩৩১ কোটি টাকা।

কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা বলছেন, প্রকৃত খেলাপি ঋণ এর চেয়ে অন্তত তিন গুণ বেশি।

প্রসঙ্গত, সম্প্রতি খেলাপি ঋণ কমাতে কেন্দ্রীয় ব্যাংক খেলাপিদের নানা ধরনের সুযোগ-সুবিধা দিয়েছে। গণছাড়ের আওতায় বড় বড় ঋণ খেলাপিরা পুনঃতফসিল করেছেন। এছাড়াও কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে খেলাপি আইন শিথিল, অবলোপন নীতিমালায় ছাড়, স্বল্প সুদের ঋণের ব্যবস্থাসহ দেওয়া হয়েছে আরও বিশেষ সুবিধা। এর মধ্যে অর্ধলাখ কোটি টাকার বেশি খেলাপি ঋণ পুনঃতফসিল করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে দেখা যায়, ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকগুলো বিতরণ করেছে ১০ লাখ ১১ হাজার ৮২৮ কোটি টাকা। এর মধ্যে ৯৪ হাজার ৩৩১ কোটি টাকা খেলাপি হয়ে গেছে, যা মোট ঋণের ৯ দশমিক ৩২ শতাংশ।

এ প্রসঙ্গে অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান ড . জায়েদ বখত বলেন, ‘পুনঃতফসিলের একটা ইতিবাচক প্রভাব পড়েছে খেলাপি ঋণের ক্ষেত্রে। এছাড়া ব্যাংকগুলোও এই ঋণ আদায় করার চেষ্টা করেছে।’

অবশ্য বাংলাদেশ ব্যাংকের হিসাবে গণছাড়ের পরও এক বছরের ব্যবধানে খেলাপি ঋণ বেড়েছে ৪২০ কোটি টাকা। ২০১৮ সালের ডিসেম্বরে খেলাপি ঋণ ছিল ৯৩ হাজার ৯১১ কোটি টাকা।

বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মো. সিরাজুল ইসলাম মনে করেন, খেলাপি ঋণ কমিয়ে আনার জন্য সবাই চেষ্টা করছে। এর একটা ইতিবাচক প্রভাব পড়েছে। তিনি বলেন, 'আগের চেয়ে এবার ব্যাংকগুলোর ঋণ আদায় কার্যক্রম জোরদার করায় খেলাপি ঋণ কমে এসেছে। খেলাপি ঋণ কমাতে বিশেষ ছাড়ে পুনঃতফসিল ও এককালীন এক্সিট সুবিধা কার্যকর বড় ভূমিকা রেখেছে বলেও মন্তব্য করেন তিনি।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, খেলাপি ঋণের শীর্ষে রয়েছে জনতা ব্যাংক। গত ডিসেম্বর শেষে ব্যাংকটির খেলাপি ঋণের স্থিতি দাঁড়িয়েছে ১৪ হাজার ৪৫৩ কোটি টাকা। গত বছরের জুনের শেষে ব্যাংকটিতে খেলাপি ঋণের স্থিতি ছিল ২০ হাজার ৯৯৪ কোটি টাকা। অর্থাৎ ছয় মাসে জনতা ব্যাংকের খেলাপি ঋণ কমেছে ৬ হাজার ৫৪১ কোটি টাকা। এই ব্যাংকের শীর্ষ ঋণ খেলাপির তালিকায় রয়েছে 'অ্যানন ট্রেক্স' গ্রুপ। এই প্রতিষ্ঠানটি জালিয়াতি করে প্রায় ১০ হাজার কোটি টাকা এই ব্যাংক থেকে হাতিয়ে নিয়েছে।

গত ডিসেম্বরে সোনালী ব্যাংকের খেলাপি ঋণের স্থিতি দাঁড়িয়েছিল ১০ হাজার ৩৬২ কোটি টাকা। গত বছরের জুন মাসের শেষে ব্যাংকটিতে খেলাপি ঋণের স্থিতি ছিল ১২ হাজার ২৭৪ কোটি টাকা।

গত ডিসেম্বর মাসের শেষে বেসিক ব্যাংকের খেলাপি ঋণের স্থিতি দাঁড়িয়েছে ৭ হাজার ৫০৮ কোটি টাকা। গত বছরের জুন মাসের শেষে ব্যাংকটিতে খেলাপি ঋণের স্থিতি ছিল ৯ হাজার ১১৩ কোটি টাকা। শেখ আবদুল হাই বাচ্চুকে এই ব্যাংকের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়ার পর থেকে ব্যাংকটির অধঃপতন শুরু হয়।

গত ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংকের খেলাপি ঋণের স্থিতি ছিল ৬ হাজার কোটি টাকা। গত বছরের জুনের শেষে ব্যাংকটিতে খেলাপি ঋণের স্থিতি ছিল ৬ হাজার ১৪৭ কোটি টাকা।

জানা গেছে, খেলাপি ঋণ কমিয়ে আনতে গত বছরের শুরুতে আন্তর্জাতিক মানের খেলাপি নীতিমালায় শিথিলতা আনা হয়। আগে তিন মাস অনাদায়ী থাকলেই তা খেলাপি হতো। এটি সংশোধন করে ছয় মাস এবং সর্বোচ্চ ১২ মাস অনাদায়ী থাকলে তবেই খেলাপি করা হয়।

অন্যদিকে খেলাপিদের গণছাড় দিতে বিশেষ পুনঃতফসিল নীতিমালা জারি করা হয়। গত বছরের মে মাসে জারি করা এক সার্কুলারে বলা হয়, ঋণখেলাপিরা মাত্র ২ শতাংশ ডাউনপেমেন্ট দিয়ে ১০ বছরের মেয়াদে মাত্র ৯ শতাংশ সুদে ঋণ পরিশোধ করতে পারবেন। উল্লেখ্য, গণছাড়ের আওতায় ১৫ হাজার কোটি টাকা খেলাপি ঋণ নবায়ন করেছে ব্যাংকগুলো, যার অর্ধেকই করেছে সরকারি ব্যাংকগুলো। এছাড়া কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন নিয়েও গত বছর বিপুল পরিমাণ খেলাপি ঋণ পুনঃতফসিল করা হয়েছে। সব মিলিয়ে ৫২ থেকে ৫৫ হাজার কোটি টাকা পুনঃতফসিল করা হয়েছে। এর বাইরে বিপুল পরিমাণ ঋণ অবলোপন করেছে ব্যাংকগুলো।

বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, গত বছরের ডিসেম্বর পর্যন্ত সময়ে সরকারি ৬ ব্যাংকের বিতরণ করা এক লাখ ৮৪ হাজার ৪০৪ কোটি টাকা ঋণের মধ্যে ২৪ শতাংশ বা ৪৩ হাজার ৯৯৪ কোটি টাকা খেলাপি হয়েছে।

গত ডিসেম্বরের শেষে বেসরকারি খাতের ব্যাংকগুলোর খেলাপি ঋণ দাঁড়িয়েছে ৪৪ হাজার ১৭৪ কোটি টাকা, যা তাদের বিতরণ করা ঋণের ৫ দশমিক ৭৮ শতাংশ।

বিদেশি ব্যাংকগুলোর খেলাপি ঋণ দাঁড়িয়েছে ২ হাজার ১০৩ কোটি টাকা। সরকারি মালিকানাধীন বিশেষায়িত তিন ব্যাংকের খেলাপি ঋণ দাঁড়িয়েছে ৪ হাজার ৫৯ কোটি টাকা।

সূত্র: বাংলা ট্রিবিউন

চলতি অর্থবছরের এখনও ৫ মাস বাকি। অথচ এরইমধ্যে ব্যাংক খাত থেকে সরকার পুরো বছরের টাকা নিয়ে ফেলেছে। শুধু তাই নয়, মাত্র ৭ মাসে পুরো বছরের লক্ষ্যমাত্রার চেয়েও প্রায় ৬ হাজার কোটি টাকা বেশি নিয়ে ফেলেছে সরকার।বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে এমন তথ্য তুলে ধরা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক বলছে, গত অর্থবছরের (২০১৮-২০১৯) জুলাই থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত (৭ মাসে) সরকার ব্যাংক খাত থেকে নিয়েছিল মাত্র ৫৫০ কোটি টাকা। চলতি অর্থবছরের (২০১৯-২০২০) একই সময়ে সরকার ব্যাংক থেকে ঋণ নিয়েছে ৫৩ হাজার ২১১ কোটি টাকা। অর্থাৎ গত অর্থবছরের একই সময়ের চেয়ে চলতি অর্থবছরে ব্যাংক থেকে ৫২ হাজার ৬৬১ কোটি টাকা বেশি ঋণ নিয়েছে সরকার। এই টাকার পরিমাণ গত অর্থবছরে সরকার ব্যাংক খাত থেকে যে ঋণ নিয়েছিল, তারচেয়েও ২৯ হাজার কোটি টাকা বেশি।

২০১৯-২০ অর্থবছরে সরকার অভ্যন্তরীণ খাত থেকে মোট ৭৭ হাজার ৩৬৩ কোটি টাকা ঋণ নেবে বলে ঠিক করে। এর মধ্যে ব্যাংক ব্যবস্থা থেকে ৪৭ হাজার ৩৬৩ কোটি টাকা ঋণ নেওয়ার কথা। কিন্তু মাত্র সাত মাসেই পুরো বছরের লক্ষ্যমাত্রার চেয়েও ৫ হাজার ৮৪৮ কোটি টাকারও বেশি পরিমাণ ঋণ নিয়েছে সরকার।

সরকারের এভাবে ঋণ নেওয়ার প্রবণতায় উদ্বেগ প্রকাশ করেছেন অর্থনীতিবিদরা। এ প্রসঙ্গে গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, ব্যাংক থেকে সরকারের ঋণ বেড়ে গেলে সবচেয়ে বড় সমস্যা হয় ব্যক্তি বিনিয়োগ বা বেসরকারি খাতে। এতে একদিকে কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়ার ঝুঁকি তৈরি হয়। অন্যদিকে মূল্যস্ফীতিও বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে। তিনি উল্লেখ করেন, ব্যাংকের টাকা উৎপাদনশীল খাতে গেলে অর্থনীতি চাঙা হয়। কিন্তু দুর্ভাগ্য যে, বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি অব্যাহতভাবে কমছে। এতে অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবির হচ্ছে। তার মতে, সরকারের ঋণ বেড়ে গেলে বেসরকারি খাতের উদ্যোক্তাদের তহবিল পেতে সমস্যা হয়। ফলে বিনিয়োগ বাড়ে না। বিনিয়োগ না বাড়লে উৎপাদনও বাড়ে না। আর উৎপাদন না হলে বাধাগ্রস্ত হয় সামগ্রিক অর্থনীতি।

কেন্দ্রীয় ব্যাংকের প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৯ সালের ২৯ জানুয়ারি পর্যন্ত সরকারের ব্যাংক ঋণের স্থিতি ছিল ৮৮ হাজার ৮০৮ কোটি টাকা। ২০২০ সালের ২৯ জানুয়ারি পর্যন্ত সরকারের ব্যাংক ঋণের স্থিতি দাঁড়িয়েছে ১ লাখ ৬১ হাজার ৩০৭ কোটি টাকা। অর্থাৎ গত এক বছরে (১২ মাসে) নতুন করে সরকার ব্যাংক থেকে ৭২ হাজার ৪৯৯ কোটি টাকা ঋণ নিয়েছে।

বাংলাদেশ ব্যাংক বলছে, সরকারের নেওয়া ৫৩ হাজার ২১১ কোটি টাকার মধ্যে ৪৪ হাজার ৫৮৮ কোটি টাকাই নিয়েছে বেরসকারি ব্যাংক থেকে। আর কেন্দ্রীয় ব্যাংক থেকে নিয়েছে ৮ হাজার ৬২৩ কোটি টাকা।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, গত ১০ বছরের মধ্যে ব্যাংক ব্যবস্থা থেকে সরকারের সবচেয়ে বেশি ধার করার রেকর্ডটি ছিল ২০১৮-১৯ অর্থবছরের। তবে ওই অর্থবছরে ধার নেওয়ার পরিমাণ ছিল ৩০ হাজার ৮৯৫ কোটি টাকা। অথচ এই অর্থবছরের সাত মাসেই পুরো অর্থবছরের টাকা নেওয়া শেষ করেছে সরকার।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, ব্যাংক থেকে বেসরকারি খাতের উদ্যোক্তাদের চেয়ে সরকারের ঋণের প্রবৃদ্ধি বেশি হচ্ছে। বেসরকারি খাতে ২৭ শতাংশ ঋণের প্রবৃদ্ধি কমে এখন ৯

শতাংশের ঘরে নেমেছে। আর সরকারি খাতে ১২ শতাংশ থেকে বেড়ে ৫৯ দশমিক ৮১ শতাংশে গিয়ে ঠেকেছে।

এদিকে সরকারের ঋণ নেওয়ার প্রবণতা বাড়ায় আশানুরূপ ঋণ পাচ্ছে না বেসরকারি খাত। গত কয়েক মাস ধরে ঋণ প্রবৃদ্ধির হার ধারাবাহিকভাবে কমছে। গত ডিসেম্বরে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি ছিল ৯ দশমিক ৮৩ শতাংশ। এই হার গত দশ বছরের মধ্যে সবচেয়ে কম।

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে বলা হয়েছে, চলতি অর্থবছরের নভেম্বরে ঋণ প্রবৃদ্ধি ছিল ৯ দশমিক ৮৭ শতাংশ, অক্টোবরে ছিল ১০ দশমিক ০৪ শতাংশ। যা আগের মাস সেপ্টেম্বরে ছিল ১০ দশমিক ৬৬ শতাংশ। আগস্টে ছিল ১০ দশমিক ৬৮ শতাংশ।

এ প্রসঙ্গে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের সংগঠন 'অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ' এর সাবেক চেয়ারম্যান সৈয়দ মাহবুবুর রহমান বলেন, সরকারের ঋণ নেওয়া বাড়লে বেসরকারি খাতে ঋণ দেওয়াটা কঠিন হয়ে পড়ে। চলমান প্রবণতায় কিছুটা চাপ সৃষ্টি হলেও ব্যাংকগুলোর তহবিল বাড়ানো সম্ভব হলে সমস্যা থাকবে না বলেও মনে করেন তিনি।

সূত্র: বাংলা ট্রিবিউন

কিশোর আলোর অনুষ্ঠান 'কিআনন্দে' বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের ছাত্র নাইমুল আবরার রাহাতের মৃত্যুর ঘটনায় দায়ের করা মামলায় দৈনিক প্রথম আলো'র সম্পাদক মতিউর রহমানের জামিন মঞ্জুর করেছে আদালত।

গতকাল সোমবার সকালে ঢাকার ভারপ্রাপ্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক কায়সারুল ইসলাম জামিন আবেদনের শুনানি শেষে এ আদেশ দেন। হাইকোর্টের চার সপ্তাহের আগাম জামিনের মেয়াদ গতকাল(সোমবার) শেষ হওয়ায়, সকালে মতিউর রহমান জামিন আবেদন করেন বলে জানিয়েছেন তার আইনজীবী এহসানুল হক সোমাজি।

গত বছরের ১ নভেম্বর ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রাঙ্গণে দৈনিক প্রথম আলো'র সাময়িকী কিশোর আলোর অনুষ্ঠান চলাকালে মঞ্চের পেছনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যায় ওই প্রতিষ্ঠানের নবম শ্রেণির ছাত্র নাইমুল আবরার। এরপর ৬ নভেম্বর নাইমুল আবরারের বাবা মজিবুর রহমান বাদী হয়ে ঢাকার এডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা

করেন। মামলায় মজিবুর রহমান অভিযোগ করেন, অনুষ্ঠানস্থলে বৈদ্যুতিক জিনিসপত্রের বিষয়ে সুরক্ষা নিশ্চিত করতে আয়োজকদের গাফিলতি ছিল, যার ফলে তার ছেলের মৃত্যু হয়েছে। তিনি আরো অভিযোগ করেন, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল অনুষ্ঠানস্থলের কাছাকাছি থাকলেও আবরারকে মহাখালীর ইউনিভার্সাল মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। কিশোর আলো এবং স্কুল কর্তৃপক্ষকে আবরারের মৃত্যুর তথ্য গোপন করা এবং মর্মান্তিক ঘটনার পরেও অনুষ্ঠান চালিয়ে যাওয়ার জন্য অভিযুক্ত করেন তিনি।

সূত্র : ইউএনবি

পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের রাজধানী কোয়েটায় একটি পুলিশ যানে বোমা হামলায় অন্তত ১০ জন নিহত হয়েছে। গতকাল সোমবার (১৭ ফেব্রুয়ারি) সন্ধ্যার ওই বিস্ফোরণে আহত হয়েছে আরও ৩৫ জন। নিহতদের মধ্যে দুই পুলিশ আছে বলে নিশ্চিত করেছে কর্তৃপক্ষ। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

হাসপাতালের এক কর্মকর্তা ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্সকে জানিয়েছেন, ‘আমরা ১০টি লাশ পেয়েছি এবং আহত ৩৫ জন হাসপাতালে ভর্তি হয়েছে।’

স্থানীয় সংবাদমাধ্যম ডনের প্রতিবেদনে জানানো হয়েছে, বিস্ফোরণের সময় ঘটনাস্থলে অনেক গাড়ি ছিল। সেগুলোর বেশ কয়েকটি পুড়ে গেছে। তবে বিস্ফোরণের কারণ কী এবং কারা এটি ঘটিয়েছে সে সম্পর্কে এখনও নিশ্চিত করে জানা যায়নি।

এর আগে গত বছরের ৭ ডিসেম্বর পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাজধানী ও প্রধান শহর লাহোরের একটি বেকারি দোকানে বিস্ফোরণের ঘটনা ঘটলে তাতে একজনের প্রাণহানি ছাড়াও ছয়জন গুরুতরভাবে আহত হয়েছিল।

১৭ই ফেব্রুয়ারী, ২০২০

শামের বরকতময়ী জিহাদের ভূমিতে চলমান হক ও বাতিলের মধ্যকার লড়াইয়ে বিগত ৯ দিনে মুজাহিদদের সম্মিলিত হামলায় ১,২০০ শতাধিক কুফ্ফার ও মুরতাদ সৈন্য নিহত।

বিস্তারিত ইনফোগ্রাফিতে দেখুন।

https://i.ibb.co/PY8pSFY/infografi-17-2-2020.jpg

বকেয়া বেতনের দাবিতে সাভারে একটি তৈরি পোশাক কারখানার শ্রমিকরা সাভার-মিরপুর আঞ্চলিক সড়ক অবরোধ ও বিক্ষোভ করেছে। এ ঘটনায় আওয়ামী দালাল পুলিশ বাহিনীর পিটুনিতে আহত হয়েছেন অন্তত দশ শ্রমিক। রোববার সকালে সাভারের বিরুলিয়া ইউনিয়নের সামাইর এলাকায় সার্ক নিটওয়্যার লিটিটেড গার্মেন্টসের সামনে এ ঘটনা ঘটে।

শ্রমিকরা জানায়, ওই পোশাক কারখানায় কাজ করে আসছিলেন কয়েক'শ শ্রমিক। শ্রমিকদের জানুয়ারি মাসের বেতন না দিয়ে রোববার সকালে কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে মূল ফটকে নোটিশ টাঙিয়ে দেয় কর্তৃপক্ষ। পরে সকালে শ্রমিকরা কারখানায় গিয়ে বন্ধের নোটিশ দেখে কারখানার সামনে বিক্ষোভ করে। তারা সড়কে টায়ার জ্বালিয়ে আগুন দিয়ে সাভার-মিরপুর আঞ্চলিক সড়ক অবরোধ করে রাখে। এ সময় দশ শ্রমিককে পুলিশ পিটিয়ে আহত করে বলে অভিযোগ করেন তারা। পরে বেলা সাড়ে ১১টায় শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দেন সাভার মডেল থানার ওসি অপারেশন জাকারিয়া হোসেন। এদিকে আঞ্চলিক সড়ক সাড়ে তিন ঘণ্টা অবরোধ করার ফলে রাস্তার দু'পাশে আটকা পড়ে কয়েক শত যানবাহন। যাত্রীরা চরম দুর্ভোগে পড়ে।

সূত্রঃ যায়যায়দিন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার ঘটনায় দায়ের করা মামলার অভিযোগ গঠন শুনানির জন্য ১৮ মার্চ দিন ধার্য করেছেন কুফরি আদালত।

আজ সোমবার (১৭ ফেব্রুয়ারি) এ মামলায় অভিযোগ গঠনের দিন ধার্য ছিল। এদিন মামলার বাদি আবরারের বাবা বরকত উল্লাহ আদালতে হাজির হয়ে বলেন, এ মামলা দ্রুত বিচারে নেয়ার আবেদন করব। তাই সময় দেয়া হোক।

তখন ঢাকা মহানগর দায়রা জজ কে এম ইমরুল কায়েস সময়ের আবেদন মঞ্জুর করে অভিযোগ গঠন শুনানির জন্য ১৮ মার্চ দিন ধার্য করেন।

ফেসবুকে স্ট্যাটাস দেয়ার জেরে বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদকে ২০১৯ সালের ৬ অক্টোবর রাতে ডেকে নেয় ছাত্রলীগের সন্ত্রাসী নেতাকর্মীরা। এরপর রাত ৩টার দিকে শেরেবাংলা হলের নিচতলা ও দোতলার সিঁড়ির করিডোর থেকে তার লাশ উদ্ধার করা হয়।

পরদিন ৭ অক্টোবর দুপুরে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল মর্গে আবরারের ময়নাতদন্ত সম্পন্ন হয়। নিহত আবরার বুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। শেরেবাংলা হলের ১০১১ নম্বর কক্ষে থাকতেন তিনি। ওই ঘটনায় আবরারের বাবা বরকত উল্লাহ বাদী হয়ে চকবাজার থানায় ১৯ জনের বিরুদ্ধে হত্যা মামলা করেন।

মামলার তিন আসামি এখনো পলাতক রয়েছেন। তারা হলেন- মোর্শেদুজ্জামান জিসান, এহতেশামুল রাব্বি তানিম ও মোস্তবা রাফিদ। তাদের মধ্যে প্রথম দু’জন এজাহারভুক্ত ও শেষের জন এজাহার-বহির্ভূত আসামি।

সূত্র : বাসস

দেশের ব্যাংক খাত নিয়ে বড় ধরনের আশঙ্কা ব্যক্ত করে বলা হয়েছে, অভিঘাত সামলানোর মতো অবস্থায় নেই ব্যাংক খাত। বড় ধরনের ধাক্কা এলে ব্যাংক খাতের মূলধন সংরক্ষণের হার ঋণাত্মক ৭ দশমিক ২২ শতাংশে নেমে যাবে। এ ধাক্কা মাঝারি মানের হলে মূলধন সংরক্ষণের হার এক শতাংশের নিচে অর্থাৎ শূন্য দশমিক ৭ শতাংশে নেমে যাবে।

আর এ ধাক্কা ন্যূনতম হলেও মূলধন সংরক্ষণের হার সোয়া ৮ শতাংশে নেমে যাবে। ব্যাংক খাতের ঝুঁকিসহন ক্ষমতা যাচাই (স্ট্রেস টেস্ট) প্রতিবেদনে এমনই আশঙ্কার কথা ব্যক্ত করা হয়েছে। ব্যাংকগুলো এখনই ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে আগাম পদক্ষেপ না নিলে ব্যাংকিংব্যবস্থা ভেঙে পড়তে পারে বলে বিশ্লেষকরা আশঙ্কা করছেন।

জানা গেছে, ব্যাংক খাতের যেকোনো অভিঘাত বা ধাক্কা এলে তার সহ্য করার ক্ষমতা কতটুকু তা যাচাই করে থাকে বাংলাদেশ ব্যাংক। এ ঝুঁকিসহন ক্ষমতা যাচাইকে ব্যাংকিং ভাষায় স্ট্রেস টেস্ট বলা হয়। কতগুলো সূচক বা নির্দেশকের মাধ্যমে এ ঝুঁকিসহন ক্ষমতা যাচাই করা হয়। এর মধ্যে প্রধান তিনটি সূচক হলো- ঋণ ঝুঁকি, বাজার ঝুঁকি, ও তারল্য ঝুঁকি। ঋণ ঝুঁকির মধ্যে আবার পাঁচটি উপাদান রয়েছে। এর মধ্যে সরাসরি শ্রেণীকৃত ঋণের হার বৃদ্ধিজনিত ঝুঁকি, বড় ঋণগ্রহীতাদের ঋণ শ্রেণীকৃত হওয়া ঝুঁকি, সহায়ক জামানতের মূল্য হ্রাসকৃত ঝুঁকি, শ্রেণীকৃত ঋণের মান হ্রাস হওয়াকৃত ঝুঁকি এবং কোনো নির্দিষ্ট খাতে ঋণ শ্রেণীকৃত হওয়ার ঝুঁকি।

আর বাজার ঝুঁকির মধ্যে রয়েছে, সুদহার পরিবর্তনজনিত ঝুঁকি, বৈদেশিক মুদ্রার বিনিময় হার পরিবর্তনজনিত ঝুঁকি এবং পুঁজিবাজারে মূল্য হ্রাসজনিত ঝুঁকি। অপর দিকে তারল্য ঝুঁকির আওতায়, কোনো প্রকার আমানত গ্রহণ ছাড়াই পাঁচ দিন পর্যন্ত গ্রাহকের চাহিদা মেটানোর সক্ষমতা একটি ব্যাংকের আছে কি না- তা যাচাই করা হয়। প্রত্যেক নির্দেশকের তিন রকমের অভিঘাত যাচাই করা হয়। এর মধ্যে ন্যূনতম অভিঘাত, যা শক-১, মাঝারি অভিঘাত যা শক-২ এবং বৃহৎ অভিঘাত যা শক-৩ নামে অভিহিত।

সাধারণত তিন মাস অন্তর এ ঝুঁকিসহন ক্ষমতা যাচাই করা হয়। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ শেষ স্ট্রেস টেস্ট প্রতিবেদন দেয়া হয় সেপ্টেম্বরভিত্তিক তথ্যের ভিত্তিতে। সর্বশেষ ওই প্রতিবেদন থেকে দেখা যায়, বাংলাদেশের ব্যাংকিং খাত ন্যূনতম অভিঘাত বা ধাক্কা সামলানের অবস্থায় নেই। স্ট্রেস টেস্ট প্রতিবেদন অনুযায়ী, সবচেয়ে বেশি নেতিবাচক প্রভাব পড়েছে সরাসরি শ্রেণীকৃত ঋণ বৃদ্ধির পাওয়ার ক্ষেত্রে। এর পরেই রয়েছে শীর্ষ ঋণগ্রাহকের শ্রেণীকৃত হওয়া।

এরপর পর্যায়ক্রমে রয়েছে, নির্দিষ্ট খাত শ্রেণীকৃত হওয়া ও সহায়ক জামানতের মূল্যহ্রাস পাওয়া। তবে দেশের ব্যাংকিং খাতে বাজার ঝুঁকির প্রভাব খুব বেশি নয়।

দেশের ব্যাংকিং খাতের বর্তমান প্রেক্ষাপট অনুযায়ী, বড় অভিঘাত এলে অর্থাৎ খেলাপি ঋণ ১৫ শতাংশ বাড়লে ন্যূনতম মূলধন তথা ১১ দশমিক ৬৫ শতাংশ হারে মূলধন সংরক্ষণ করতে ব্যর্থ হবে দেশের ৩৪টি সরকারি ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক। মাঝারি অভিঘাত অর্থাৎ খেলাপি ঋণ ৯ শতাংশ বাড়লেও ন্যূনতম মূলধন সংরক্ষণে ব্যর্থ হবে ৯টি বাণিজ্যিক ব্যাংক।

বড় ঋণগ্রহীতাদের ঋণ বৃদ্ধিজনিত ঝুঁকির মধ্যে বড় অভিঘাত এলে অর্থাৎ শীর্ষ ১০জন ঋণগ্রহীতা ঋণখেলাপি হলে ৩৭টি বাণিজ্যিক ব্যাংক ন্যূনতম মূলধন সংরক্ষণে ব্যর্থ হবে। আর

মাঝারি মানের ধাক্কা অর্থাৎ শীর্ষ সাতজন ঋণগ্রহীতা ঋণখেলাপি হলে ৩৫টি বাণিজ্যিক ব্যাংক ন্যূনতম মূলধন সংরক্ষণ করতে পারবে না। আর ন্যূনতম অভিঘাত অর্থাৎ তিন শীর্ষ ঋণগ্রহীতাও যদি ঋণখেলাপি হন তাহলে ২১টি বাণিজ্যিক ব্যাংক ন্যূনতম মূলধন সংরক্ষণ করতে পারবে না।

এ দিকে এ পর্যন্ত যেসব ব্যাংকের বড় ধরনের ঋণকেলেঙ্কারির তথ্য প্রকাশ পেয়েছে তার বেশির ভাগ ঋণেরই পর্যাপ্ত সহায়ক জামানত ছিল না। আবার যে পরিমাণ সহায়ক জামানত ছিল তার বেশির ভাগই সরকারি খাস জমি, ভুয়া দলিল অথবা ঋণের বিপরীতে সহায়ক জামানতের মূল্য ১০ শতাংশও নেই।
সহায়ক জামানতের মূল্য হ্রাসজনিত ঝুঁকির বিষয়ে বাংলাদেশ ব্যাংকের স্ট্রেস টেস্ট প্রতিবেদনে বলা হয়েছে, ঋণের বিপরীতে সহায়ক জামানতের মূল্য ৪০ শতাংশ কমে গেলে ব্যাংকিং খাতের ন্যূনতম মূলধন সংরক্ষণের হার ৮ দশমিক ৯৯ শতাংশে নেমে আসবে। আর এ ঝুঁকি মাঝারি মানের হলেও অর্থাৎ সহায়ক জামানতের মূল্য ২০ শতাংশ কমে গেলে মূলধন সংরক্ষণের হার সোয়া ১০ শতাংশে নেমে যাবে।

ব্যাংক খাতে সাধারণত তিন ধরনের খেলাপি ঋণ রয়েছে। এর মধ্যে নিম্নমানের খেলাপি ঋণ, সন্দেহজনক খেলাপি ঋণ এবং মন্দমানের খেলাপি ঋণ। খেলাপি ঋণ মন্দমানের হলে ওই ঋণের বিপরীতে শতভাগ প্রভিশন সংরক্ষণ করা হয়। আর প্রভিশন সংরক্ষণ করা হয় ব্যাংকের আয় খাত থেকে। এ কারণে খেলাপি ঋণ মন্দমানের বেশি হলে ব্যাংকের প্রকৃত মুনাফা কমে যায়। অনেক ব্যাংকের আয় দিয়েও তা সঙ্কুলান করতে পারে না। এর ফলে প্রভিশন ঘাটতিতে পড়ে ব্যাংকগুলো।

আবার মন্দ ঋণের বিপরীতে যে আয় হয় ওই আয় ব্যাংকগুলো আয় খাতে নিতে পারে না। সুদ আয় স্থগিত করে আলাদা হিসেবে রাখতে হয়। খেলাপি ঋণের গুণগত মান পরিবর্তন ঝুঁকি নিয়ে বাংলাদেশ ব্যাংকের স্টেস টেস্ট প্রতিবেদনে বলা হয়েছে, বড় ধরনের ধাক্কা অর্থাৎ খেলাপি ঋণের গুণগত মান যদি ১৫ শতাংশ পরিবর্তন হয় তাহলে বিদ্যমান অবস্থায় ব্যাংক খাতের মূলধন সংরক্ষণের হার ছয় শতাংশে নেমে আসবে। আর যদি মাঝারি মানেরও ধাক্কাও আসে তাহলে মূলধন সংরক্ষণের হার ৭ দশমিক ৪৭ শতাংশে নেমে আসবে। আর যদি ন্যূনতম ধাক্কাও আসে তাহলেও ব্যাংক খাতের ন্যূনতম মূলধন সংরক্ষণের হার ১০ দশমিক ৯২ শতাংশে নেমে আসবে।

বাংলাদেশ ব্যাংকের স্ট্রেস টেস্ট প্রতিবেদন অনুযায়ী, বাজার ঝুঁকির ক্ষেত্রে দেশের ব্যাংক খাতের বর্তমান অবস্থায় তেমনে কোনো প্রভাব পড়বে না। তবে বাজার ঝুঁকি ও ঋণঝুঁকি

একত্রে এলে আমাদের ব্যাংক খাত ন্যূনতম ধাক্কাও সামলাতে পারবে না। কারণ, বড় ধরনের অভিঘাত এলে দেশের ৩৯টি ব্যাংক মূলধন হারাবে। অর্থাৎ মূলধন ঋণাত্মক ৭ দশমিক ২২ শতাংশে নেমে আসবে।

আর মাঝারি মানের ধাক্কা এলেও ৩৮টি ব্যাংক মূলধন হারাবে। অর্থাৎ ন্যূনতম মূলধন সংরক্ষণের হার ১ শতাংশের নিচে (শূন্য দশমিক ৭ শতাংশ) নেমে আসবে। আর ন্যূনতম ধাক্কা এলেও ১২টি ব্যাংক মূলধন সংরক্ষণ করতে পারবে না। অর্থাৎ ব্যাংক খাতের ন্যূনতম মূলধন সংরক্ষণের হার ৮ দশমিক ৩২ শতাংশে নেমে আসবে।

ব্যাংকিং খাতের বর্তমান অবস্থা উত্তরণ করতে না পারলে বড় ধরনের বিপর্যয় এড়ানো সম্ভব হবে না বলে মনে করছেন অর্থনৈতিক বিশ্লেষকরা। তাদের মতে, ব্যাংকগুলো এখনই ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে আগাম ব্যবস্থা না নিলে ব্যাংকিং ব্যবস্থা ভেঙে পড়তে পারে। এতে এ খাতের ওপর গ্রাহকের আস্থা নষ্ট হবে, যা সামগ্রিক অর্থনীতিতেই নেতিবাচক প্রভাব পড়বে।

বিশিষ্ট অর্থনীতিবিদ তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. এ বি মির্জ্জা আজিজুল ইসলাম এ বিষয়ে গতকাল নয়া দিগন্তকে জানিয়েছেন, ব্যাংকিং খাতে খেলাপি ঋণের পরিমাণ বেড়ে গেছে। বড় বড় গ্রাহকের কাছে ব্যাংকঋণ কেন্দ্রীভূত হয়ে পড়ছে। তাদের কাছ থেকে ঋণ আদায় কমে গেছে। এটাই ঝুঁকির অন্যতম কারণ বলে তিনি মনে করেন। এটা অব্যাহত থাকলে ব্যাংকগুলোর যেকোনো প্রকার লেনদেনের সক্ষমতা কমে যাবে। বেসরকারি খাতে ঋণপ্রবাহ কমে যাবে। কাঙ্ক্ষিত হারে জাতীয় ঋণ প্রবৃদ্ধি হবে না।

বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর এ বিষয়ে গতকাল নয়া দিগন্তকে জানিয়েছেন, নানা কারণে ব্যাংকিং খাতের ঝুঁকিসহন ক্ষমতা কমে গেছে। বিভিন্ন ঝুঁকিতে দেশের ব্যাংকিং খাত নাজুক হয়ে পড়েছে। গত ১০ বছরে ব্যাংকের মুনাফা প্রায় এক-তৃতীয়াংশ কমেছে। একই সাথে কমেছে আমানত এবং ব্যাংকগুলোর ঋণ দেয়ার সমতা। কিন্তু এসব সমস্যা যথাযথভাবে আমলে নেয়া বা স্বীকার করা হচ্ছে না।

তিনি বলেন, ব্যাংকের মন্দ ঋণ বেড়েছে বিপুল হারে। কিছু গ্রাহককে বিপুল আঙ্কের ঋণ দেয়া হচ্ছে। এতে যেকোনো অবস্থার পরিবর্তন হলে এসব গ্রাহকের কাছ থেকে ঋণ আদায় অসম্ভব হয়ে পড়বে। আর এ কারণেই ব্যাংকিং খাতে ঝুঁকির মাত্রা বাড়িয়ে দিয়েছে বলে মনে করেন তিনি।

ড. মনসুর বলেন, বাংলাদেশ ব্যাংকের স্ট্রেস টেস্ট অনুযায়ী এমনিতেই ১০টি ব্যাংক মূলধন ঘাটতিতে রয়েছে। এর ওপর ন্যূনতম ধাক্কা এলে আরও ১২টি ব্যাংকসহ মোট ১২টি ব্যাংক মূলধন ঘাটতিতে পড়বে। আর তিনজন শীর্ষ ঋণ গ্রাহকের সমস্যা হলে ২১টি ব্যাংক মূলধন ঘাটতির মুখে পড়বে। বাংলাদেশ ব্যাংকের এ প্রতিবেদন বড় ধরনের বিপদের কথাই মনে করে দিচ্ছে। এসব ধাক্কা সামলানোর সক্ষমতা ব্যাংকগুলোকে বাড়াতে হবে। না হলে বড় ধরনের বিপর্যয় এড়ানো সম্ভব হবে না বলে মনে করেন এ অর্থনীতিবিদ।

নারায়ণগঞ্জের ফতুল্লা থানার ইসদাইর বাজারের পাশে জলাধারের ওপর গড়ে ওঠা বস্তিতে ভয়াবহ অগ্নিকা-ের ঘটনা ঘটেছে। আগুনে প্রায় ৬০টি বসতঘর ও গার্মেন্টস ঝুটের গুদাম পুড়ে গেছে বলে বাসিন্দারা জানিয়েছেন।

শনিবার রাত পৌনে ৩টায় এ অগ্নিকা- ঘটে। আগুন মুহূর্তের মধ্যে পুরো বস্তিতে ছড়িয়ে পড়লে ধোঁয়ায় চারপাশ আচ্ছন্ন হয়ে পড়ে। শোরগোল আর আগুনের উত্তাপে ঘুম থেকে জেগে ওঠা বস্তিবাসী আতঙ্কে দিগবিদিক ছোটাছুটি করতে থাকে। তবে অগ্নিকান্ডের ঘটনায় হতাহতের খবর পাওয়া যায়নি।

সূত্রঃ আমাদের সময়

সীমান্তে ভারতীয় সীমান্তসন্ত্রাসী বাহিনী বিএসএফ নির্বিচার গুলি ও নির্মম নির্যাতনের মাধ্যমে বাংলাদেশি নাগরিক হত্যার বিচারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে ২৪ দিন ধরে অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী।

আজ সোমবার ২৪তম দিনের মতো অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন ঢাবির মার্কেটিং বিভাগের এমবিএ এর শিক্ষার্থী নাসীর আব্দুল্লাহ।

তিনি জানান, সীমান্তে হত্যা বন্ধে পররাষ্ট্র মন্ত্রণালয়ের দৃশ্যমান পদক্ষেপ না দেখা পর্যন্ত তিনি এ কর্মসূচি চালিয়ে যাবেন। পাশাপাশি তিনি গণস্বাক্ষর কর্মসূচি শুরু করেছেন। সংহতি ও গণস্বাক্ষরে যারা অংশ নিচ্ছেন তারা নিজের অবস্থান ও বক্তব্য জানাচ্ছে পাশে রাখা বইটিতে।

এর আগে গত ২৫ জানুয়ারি থেকে সীমান্তে মানুষ হত্যার প্রতিবাদে রাজু ভাস্কর্যের পাদদেশে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করে আসছেন নাসির আব্দুল্লাহ।

নাছির বলেন, সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী-বিএসএফ প্রতিনিয়ত বাংলাদেশী নাগরিকদের হত্যা করছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় তাতে নির্বিকার। যা খুবই দুঃখজনক। বাংলাদেশের কেউ যদি কোন অপরাধ করে দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে সমাধান হতে পারে কিন্তু গুলিবর্ষণ ও হত্যা কোনো সমাধান নয়।

অবস্থান কত দিন চলবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে যথাযথ পদক্ষেপ না নেয়া পর্যন্ত অবস্থান কর্মসূচি অব্যাহত রাখবেন তিনি।

তার এ কর্মসূচি সীমান্ত হত্যা বন্ধে কতটুকু কার্যকর হতে পারে এমন প্রশ্নের জবাবে নাসির বলেন, বর্তমান তরুণ সমাজ সচেতন। তরুণ সমাজ চাইলেই অনেক কিছু করতে পারে। সে জায়গা থেকে আমি আশা করি এই অবস্থানের ফলে সীমান্তে হত্যা বন্ধ হবে এবং সাম্প্রতিক ঘটনার সুষ্ঠু তদন্ত হবে।

ভারতের জবর দখলে থাকা কাশ্মীরে সংবাদ প্রকাশ ও প্রচারে কার্যত নিষেধাজ্ঞা থাকায় পেটের দায়ে অনেক সাংবাদিক এখন নিজেদের পেশা ছেড়ে দিনমজুরের কাজ করছেন। পাঁচ বছর ধরে ফটো সাংবাদিক হিসেবে কাজ করে আসছিলেন মুনীব-উল ইসলাম (২৯)। তার তোলা অনেক ছবি দেশে ও আন্তর্জাতিক গণমাধ্যমেও প্রকাশ হয়েছে। আর সেই সাংবাদিক এখন কলম-ক্যামেরা ছেড়ে পেটের দায়ে রোজ ৫০০ রুপি মজুরিতে নির্মাণাধীন ভবনে ইট টানছেন।

শুধু মুনীবই নন, এমন অনেক সাংবাদিককেই এই করুণ জীবনযাপন করতে হচ্ছে।

বিবিসির সাংবাদিক প্রিয়াংকা দুবেইয়েরর প্রতিবেদনে উঠে এসেছে জম্মু-কাশ্মীরের সাংবাদিকদের এমন দুর্বিষহ জীবনের চিত্র।

তিনি জানিয়েছেন, সংসার চালাতে কাশ্মীরের অনেক সাংবাদিকই নিজেদের মহান পেশা ছেড়েছেন। তাদের কেউ কেউ নির্মাণশ্রমিক আর দিনমজুরের পেশা বেছে নিয়েছেন।

এসবের জন্য গত বছরের ৫ আগস্ট নেয়া ভারতের মোদি সরকারের সেই ৩৭০ ধারা বিলোপের সিদ্ধান্তকে দায়ী করছেন কাশ্মীরিরা।

প্রতিবেদনে বলা হয়েছে, ওই আইন পাসের পর উত্তাল হয়ে ওঠে কাশ্মীর। রাজধানী শ্রীনগরসহ জম্মু ও লাদাখের অলিগতিতে বিক্ষোভ মিছিল নামে। এর পর সেই বিক্ষোভ ঠেকাতে অতিরিক্ত সেনা মোতায়েনসহ কাশ্মীরের ল্যান্ডফোন, মোবাইল এবং ইন্টারনেট পরিষেবা বন্ধ করে কেন্দ্রীয় সরকার। বিশ্ব থেকে প্রায় বিচ্ছিন্ন করে দেয়া হয় কাশ্মীরকে।

এর পর দীর্ঘ ১৫০ দিন পেরিয়ে গেলেও সেসব পরিষেবা চালু করেনি মোদি সরকার।

আর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় ওই অঞ্চলের সাংবাদিকরা প্রায় বেকার হয়ে বসেন।

ইন্টারনেট, সোশ্যাল মিডিয়া বন্ধ থাকায় কাশ্মীরে কী ঘটছে সে প্রতিবেদন লিখে তা বহির্বিশ্বে জানানোর উপায় হারিয়ে ফেলেন স্থানীয় সাংবাদিকরা। যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় ও সরকারি নানা নিষেধাজ্ঞায় স্থানীয়ভাবেও সংবাদ প্রচারের ক্ষমতা হারান তারা।

এ সময় প্রতিষ্ঠান থেকে সাংবাদিকদের বেতন দেয়া বন্ধ হয়ে যায়। এসব প্রতিকূলতায় টিকতে না পেরে সাংবাদিকের স্বপ্নের চাকরি ছেড়ে এখন অন্য কাজ করে আহারের জোগান দিচ্ছেন কাশ্মীরের সাংবাদিকরা।

নিজের দুর্বিষহ জীবনের কথা জানাতে গিয়ে সাংবাদিক মুনীব-উল ইসলাম বিবিসিকে বলেন, ‘আমার এলাকার নির্যাতিত মানুষের কথা বলতে আমি সাংবাদিকতাকে বেছে নিয়েছিলাম। কিন্তু কাশ্মীরের বিশেষ মর্যাদা কেড়ে নেয়ায় আমার এই যাত্রা থেমে গেছে। এর আগে আমি সংঘাতপ্রবণ এই অঞ্চলের সংবাদ সংগ্রহে যুক্ত ছিলাম। কিন্তু এখন পেটেই চলে না। তাই অন্য পথ বেছে নিয়েছি।’

এর পরও সাংবাদিকতা পেশাকে বুকে আগলে রেখে সংগ্রাম চালিয়ে গিয়েছিলেন বলে জানান মুনীব।

তিনি বলেন, ‘গত সেপ্টেম্বরে একটি প্রতিবেদনের জন্য তথ্য সংগ্রহে নিজের পকেট থেকে ৬ হাজার রুপি খরচ করে শ্রীনগরে গিয়েছিলাম। কিন্তু দ্রুত এই অর্থ শেষ হয়ে যায়। এর পর কর্মস্থল থেকে কোনো সাহায্য না পেয়ে চাকরিটা ছাড়তে হয় আমাকে।’

তিনি আপ্লুত কণ্ঠে বলেন, ‘এর পর পরিবার ও অসুস্থ স্ত্রীর খরচ চালাতে আমি মরিয়া হয়ে ওঠি। শেষ পর্যন্ত ভাইয়ের কাছে গেলে তিনি আমাকে পার্শ্ববর্তী অনন্তনাগ শহরে একটি নির্মাণাধীন ভবনে ইট বহনের কাজ পাইয়ে দেন। এখন আমি সাংবাদিক নই, দিনমজুর। মাথায় ইট নিয়ে ওপরে পৌঁছে দিই। দিনভর খাটুনি শেষে প্রতিদিন ৫০০ রুপি পাই।’

শুধু তিনিই নন, তার বেশ কয়েকজন সহকর্মী সাংবাদিকতা ছেড়ে অন্য পেশায় যেতে বাধ্য হয়েছেন বলে জানান মুনীব।

মুনীবের কথার সত্যতা পাওয়া গেছে। স্থানীয় এক পত্রিকার নামকরা প্রতিবেদক একটি দুগ্ধ খামারে কাজ নিয়েছেন।

---

১৫ ফেব্রুয়ারি ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ দিন। এই দিনটিতে আল্লাহ'র রহমতে আফগান মুসলিমরা বিশ্বের অন্যতম শক্তিধর সোভিয়েত ইউনিয়নকে সমগ্র বিশ্বের সামনে পরাজিত এবং অপমানিত করতে সক্ষম হয়েছিল।

1367 (হিজরি সোলার) ১৫/২/১৯৮৯ এই দিনেই শেষ সোভিয়েত সৈন্যদল আমু নদীর ব্রিজ দিয়ে আফগানিস্তান ত্যাগ করে এবং সেই সঙ্গে আফগানরা এক আন্তর্জাতিক ঔপনিবেশিক জোটকে সম্পূর্ণ ভাবে পরাজিত করে।

এই দিনেই বিশ্বের অন্যতম দুর্বল এবং অরক্ষিত একটি দেশ পরাজিত করে এই পৈশাচিক রেড আর্মিকে ,যারা কিছু নির্লজ্জ সহকারীদের নিয়ে নিজেরদের সুবিধার জন্য সমস্ত শক্তি নিয়ে আমাদের দেশের ওপর এমন বর্বর অত্যাচার করেছিল, যা শুনলে আপনাদের গা শিউরে উঠবে।

সোভিয়েত ইউনিয়ন ও তার ভাবাদর্শে অনুপ্রাণিত পুতুল সরকারগুলো দীর্ঘ তিন দশক ধরে আমাদের প্রিয় দেশে সামরিক এবং মতাদর্শগত আক্রমণ চালিয়ে গেছে। আজ ত্রিশ বছর বাদেও ,আমাদের দেশের আজকের সমস্যা এবং দুর্দশা ওই ভয়ঙ্কর কমিউনিস্ট শাসনের প্রত্যক্ষ প্রভাব এর সাথে যুক্ত।

যদি বর্তমান পশ্চিমা শাসক বিশেষত NATO এবং তাদের পুতুল সরকারের যদি সামান্যতম চেতনা থাকে তবে তাদের উচিত সোভিয়েত ইউনিয়ন এর পরাজয় থেকে শিক্ষা নেওয়া। এর পরেও যদি তারা এই কর্মপন্থা নিয়ে চলে তবে তাদের অবস্থা সোভিয়েত ইউনিয়ন এর মতোই হবে। কমিউনিস্ট এর সমর্থকদের ওই পরাজয় বর্তমান শাসক গোষ্ঠীর প্রত্যেককেই মনে করিয়ে দেওয়া হবে।

এই ঐতিহাসিক দিন এবং ঘটনা প্রমান করে যে কোনো ছদ্মবেশী পরিকল্পনাকারী ,কোনো সামরিক শক্তি, কোনো আর্থিক শক্তি ,কোনো বিদেশী মতবাদকে আফগানিস্তানের ভূমিতে শক্ত

ঘাঁটি গাড়তে কোনরূপ সাহায্য করা হবে না। আর আফগানিস্তানের জিহাদের ভূমি কোনো দিনেই কারোর দালাল-এ পরিণত হবে না। (ইনশাআল্লাহ)

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান ১৫ ফেব্রুয়ারি কে সোভিয়েত ইউনিয়ন এবং তার কমিউনিস্ট মতবাদ থেকে পরিত্রানের দিন বলে মনে করে। আমরা এই স্বাধীনতায় গর্বিত। এবং এই দিনে শহীদের উত্তরাধিকারী হিসেবে আমরা শপথ নিচ্ছি যে আমরা বর্তমান মার্কিন দখলদারদের থেকে আমরা আমাদের দেশকে মুক্ত করবোই। ইনশাআল্লাহ

১৫ ফেব্রুয়ারি উপলক্ষে ইমারতে ইসলামিয়া সমগ্র দেশবাসিকে অভিনন্দন জানানোর পাশাপাশি এটাও মনে করিয়ে দিতে চায় যে আমাদের শহীদ, অনাথ, অক্ষম এবং বস্তুচ্যুতদের ইচ্ছা আকাঙ্ক্ষা, এই বর্তমান জিহাদের দ্বারা পূর্ণ হবে এবং আল্লাহর রহমতে মুসলিসরা বর্তমান এই দুর্দশা কাটিয়ে নতুন সূর্যোদয় দেখবে।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান।

কুয়েতে একটি ক্লিনিং কোম্পানির সুপারভাইজার থেকে অবৈধভাবে কোটিপতি বনে যাওয়ার অভিযোগ উঠেছে এক বাংলাদেশির বিরুদ্ধে। তিনি বাংলাদেশের সংসদ সদস্য বলেও কুয়েতের সংবাদমাধ্যম আরব টাইমস, আল-কাবাস, কুয়েত টাইমস ও এমবিএস নিউজের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

কুয়েতের সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়, এই বাংলাদেশি সংসদ সদস্য কুয়েতে অবৈধ ভিসা ব্যবসায় জড়িত। মানবপাচার ও অবৈধ ভিসা ব্যবসায় জড়িত যে তিন বাংলাদেশিকে কুয়েতের নিরাপত্তা কর্তৃপক্ষ খুঁজছেন, তাদের মধ্যে তিনিও একজন।

প্রতিবেদনে সেই এমপির নাম উল্লেখ করা না হলেও কুয়েত প্রবাসীরা বলেছেন এটি লক্ষীপুর-২ আসনের সাংসদ কাজী শহীদ ইসলাম পাপলু।

নির্ভরযোগ্য সূত্রের বরাত দিয়ে এসব সংবাদমাধ্যমের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, কুয়েতের একটি শীর্ষ পর্যায়ের ক্লিনিং কোম্পানিতে সুপারভাইজার হিসেবে কাজ শুরু করেন এই বাংলাদেশি সংসদ সদস্য। সেখানে চাকরি নিতে মোটা অঙ্কের টাকাও খরচ করেন তিনি। চাকরি করতে করতেই এক সময় তিনি কোম্পানির একজন অংশীদার হয়ে যান এবং ইচ্ছে মতো প্রতিষ্ঠান পরিচালনা করতে শুরু করেন। পাশাপাশি তিনি ঠিকাদারি ব্যবসা শুরু করেন।

লাভ হবে না জেনেও তিনি কুয়েতে বেশ কয়েকটি ঠিকাদারির কাজ নেন। মূল উদ্দেশ্য ছিল ঠিকাদারি কাজের আড়ালে বিপুল সংখ্যক বাংলাদেশি শ্রমিক কুয়েতে নিয়ে যাওয়া।প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ থেকে শ্রমিক পাঠানোর কাজ পেতে তিনি কুয়েত সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের পাঁচটি দামি গাড়ি উপহার দিয়েছিলেন। এরপর কুয়েতে বিপুল সংখ্যক শ্রমিক নিয়ে যান তিনি। তার বেশিরভাগ সম্পদ তিনি যুক্তরাষ্ট্রে স্থানান্তর করেছেন বলে সন্দেহ করা হচ্ছে। তার স্ত্রীও একজন সংসদ সদস্য।

তিন আসামির আরেকজন সুলতান নামে পরিচিত। বর্তমানে তিনি কুয়েতের বাইরে আছেন। তবে বড় বড় কোম্পানির কর্মকর্তাদের সঙ্গে তার যোগাযোগ রয়েছে। সেই সুবাদে তিনি এখনো বাংলাদেশ থেকে শ্রমিক নিয়ে যাচ্ছেন। শ্রমিক নিয়ে যেতে দালালের মাধ্যমে নেওয়া মোটা অঙ্কের অর্থ তার কুয়েতের বাইরের ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়।

সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, তাদের কারণে ক্ষতিগ্রস্ত কয়েকজন কর্মচারী ভিডিও এবং অডিও প্রমাণ জমা দিয়েছেন। সেগুলোতে দেখা গেছে, এসব শ্রমিক অন্য প্রতিষ্ঠানে যেতে অনুমতিপত্রের জন্য অর্থ দিয়েছেন।

কুয়েতের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) আইনি প্রক্রিয়া শেষে ওই কোম্পানির কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদের জন্য তলব করবে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এর আগে, গত ১২ ফেব্রুয়ারি অর্থপাচার, ভিসা জালিয়াতি ও মানবপাচারের অভিযোগে অজ্ঞাতনামা আরেক বাংলাদেশিকে গ্রেপ্তারের তথ্য প্রকাশ করে আরব টাইমস ও আল-কাবাস।

ওই প্রতিবেদনে উল্লেখ করা হয়, অজ্ঞাতনামা ওই বাংলাদেশি তিন সদস্যের চক্রের একজন। বাকি দুইজন কুয়েত থেকে পালিয়েছেন। কুয়েতের বড় বড় তিন কোম্পানির গুরুত্বপূর্ণ পদ এই তিনজনের দখলে ছিল। তারা বড় অঙ্কের অর্থের বিনিময়ে কুয়েতে ২০ হাজারের বেশি বাংলাদেশি শ্রমিক নিয়ে গেছেন বলে ধারণা করা হচ্ছে। বিনিময়ে তারা ৫০ মিলিয়ন দিনারের বেশি আয় করেছেন। বাংলাদেশি মুদ্রায় যা ১,৩৯৮ কোটি টাকার বেশি।

এই চক্রের সঙ্গে জড়িত বাংলাদেশি সংসদ সদস্য বাংলাদেশের একটি ব্যাংকের পরিচালনা পদে আছেন। তিনি কুয়েতে গিয়ে ৪৮ ঘণ্টার বেশি অবস্থান করতেন না। সিআইডি'র তদন্তের তথ্য জানতে পেরে এক সপ্তাহ আগেই তিনি কুয়েত থেকে পালিয়ে যান। তার দায়িত্বে থাকা কোম্পানির শ্রমিকদের ৫ মাসের বেশি সময়ের বেতন বকেয়া পড়েছে বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে।

সিআইডি'র তদন্তে উঠে এসেছে, কুয়েত সরকারের চুক্তি অনুযায়ী বাংলাদেশ থেকে শ্রমিক নিয়ে যেতেন তিনি। ভিসা জালিয়াতির মাধ্যমে এসব শ্রমিকদের সেখানে নিয়ে যাওয়া হতো। কিন্তু চুক্তির চেয়ে অনেক কম বেতন দেওয়া হতো তাদের।

বাংলাদেশেও এই তিনজনের একটি বড় নেটওয়ার্ক আছে। তাদের হয়ে যারা কাজ করেন, তারা প্রতিটি ভিসার জন্য গড়ে ১,৮০০ থেকে ২,২০০ দিনার পান। আর ২,৫০০ থেকে ৩,০০০ দিনারে ভিসা বিক্রি করেন।

গত শনিবার সিটি পুলিশ জম্মু ও কাশ্মীরের শোপিয়ান জেলার বাসিন্দা এবং নগরীর গোকুল রোডে বিমানবন্দরের নিকটে অবস্থিত কেএলইএস ইনস্টিটিউট অফ টেকনোলজিতে অধ্যয়নরত তিন কাশ্মীরি শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে এবং তাদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের করেছে।

গ্রেপ্তারকৃত শিক্ষার্থীদের নাম আমির, বাসিত এবং তালিব বলে জানিয়েছে দ্য নিউজ। তারা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ১ ম সেমিস্টারে পড়াশোনা করছে।

